একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
প্রশাসন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.legislativediv.gov.bd.

নং-৫৫.০০.০০০০.১০৬.১১.০০২.১৪(অংশ-১).২৬৫ তারিখ : ০৯/০৭/২০১৯ খ্রিঃ।

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশক্রমে নিম্নবর্ণিত ১২ (বার) জন প্রার্থীকে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সহকারী সচিব (ড্রাফটিং) পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৯ম গ্রেডে টাকা ২২,০০০-৫৩,০৬০ বেতনক্রমে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রচলিত অন্যান্য সুবিধাদিসহ নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে জনস্বার্থে নিয়োগ করা হইল:

| ক্রমিক নং | নাম | জেলা | রেজিঃ নং |
|---|---|---|---|
| ১. | বেগম সাজিদুন নাহার স্বর্ণা | শরীয়তপুর | ০০০২৩৩ |
| ২. | জনাব মুহাম্মদ আযিযুর রহমান | শেরপুর | ০০০৪৮২ |
| ৩. | জনাব ফারহান তাম্বীরুল হক | ময়মনসিংহ | ০০০৩৬২ |
| ৪. | জনাব মোঃ সালাউদ্দীন আলম মৃধা | রাজশাহী | ০০০৩৫৩ |
| ৫. | জনাব মো: ছিফাত উল্লাহ | কুমিল্লা | ০০০৩৭২ |
| ৬. | বেগম প্রিয়াংকা চৌধুরী | চট্টগ্রাম | ৩০০০৬১ |
| ৭. | জনাব মোঃ আশিকুজ্জামান | যশোর | ০০০৪৫৫ |
| ৮. | জনাব মোঃ আশরাফুল আলম | নেত্রকোনা | ০০০৪৬৪ |
| ৯. | জনাব মো: সাইফুল ইসলাম | মাদারীপুর | ০০০১৪৬ |
| ১০. | বেগম মনিকা বিকি | ঢাকা | ০০০৪২৬ |
| ১১. | জনাব সৌমেন পালিত বাবু | চট্টগ্রাম | ০০০১২২ |
| ১২. | জনাব মো: শাহিদ ইবনে মিরাজ | দিনাজপুর | ০০০৩৪৭ |

(ক) তাহার চাকুরী সংশ্লিষ্ট সরকার নির্ধারিত পেশাগত বা বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

(খ) তাহার যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসর পর্যন্ত শিক্ষানবিস স্তরে থাকিতে হইবে। নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া তাহার শিক্ষানবিস মেয়াদকাল বৃদ্ধি করিতে পারিবে, তবে এইরূপ বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২(দুই) বৎসরের অধিক হইবে না। শিক্ষানবিস মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাহাকে চাকুরী হইতে অপসারণ করা যাইবে;

(গ) শিক্ষানবিস মেয়াদ চলাকালে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক প্রতীয়মান হইলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাহার চাকুরী স্থায়ী করিবেন;

(ঘ) সহকারী সচিব (ড্রাফটিং) (নিয়োগ ও বিভাগীয় পরীক্ষা এবং প্রশিক্ষণ) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ না হইলে এবং সরকারী আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়, উহাতে উত্তীর্ণ না হইলে বা প্রশিক্ষণ গ্রহণ না করিলে শিক্ষানবিসকে নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না;

(ঙ) তাহাকে একজন জামানতদারসহ নন জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বৎসরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাহাকে প্রদত্ত বেতন এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরৎ দিতে বাধ্য থাকিবেন;

(চ) যদি তিনি তাহার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক সরকার প্রাপ্য অর্থ ফেরৎ না দিয়া কর্তব্যে অনুপস্থিত থাকেন, তাহা হইলে উপ-অনুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাহার নিকট প্রাপ্য সমুদয় অর্থ Public Demands Recovery Act.1913 (Bengal Act No. III of 1913) এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তাহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে;

(ছ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুসারে তাহার জ্যেষ্ঠতা/মেধা নির্ধারণ করা হইবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার অংগীকারাবদ্ধ হইয়া থাকেন, তবে এই নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে;

(ঝ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে তাহার চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাহার চাকুরী নিয়ন্ত্রিত হইবে;

(ঞ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির ক্ষেত্রে লেজিসলেটিভ ড্রাফটিং কর্মকর্তা (আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়) নিয়োগ বিধিমালা, ১৯৯৮ এর অন্যান্য শর্তাবলীও প্রযোজ্য হইবে; এবং

(ট) এই চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

২। যদি উপরের শর্তাবলী তাহার নিকট গ্রহণযোগ্য হয়, তাহা হইলে তাহাকে আগামী ০১/০৮/২০১৯ খ্রি: তারিখ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে যোগদান করার জন্য অনুরোধ করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৯/০৭/১৯
(ফারজানা আকতার)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২)

নং-৫৫.০০.০০০০.১০৬.১১.০০২.১৪(অংশ-১).২৬৫ **তারিখ** : ০৯/০৭/২০১৯ খ্রিঃ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিব/সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৭. কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল বাংলাদেশ, ৪, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা।
৮. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর, ঢাকা।
৯. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিএজি ভবন, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, সেগুন বাগিচা, ঢাকা।
১১. উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাহাকে প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে মুদ্রণের জন্য অনুরোধ করা হইল।)
১২. সিস্টেম এনালিস্ট, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (তাহাকে প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল।)
১৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সহকারী সচিব (প্রশাসন-৪), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ [তাহাকে সচিবালয়ে প্রবেশপত্র ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
১৫. হিসাব রক্ষণ কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. জনাব/বেগম------------------------------------------------------------------------------------------------------------------------।
১৭. অফিস কপি।

০৯/০৭/১৯
(ফারজানা আকতার)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২)
ফোন-৯৫৪০৩১৯।